



উপস্থিতি বিষয়ক WCSD পারিবারিক নির্দেশিকা (WCS D FAMILY GUIDE TO ATTENDANCE)

অনুগ্রহ করে 2021-2022 শিক্ষাবর্ষে শুরু হওয়া উপস্থিতির
বিষয়ে নিচের নির্দেশিকা দেখুন

শিশুদেরকে কখন বাসায় রাখবেন

যদি আপনার সন্তান অসুস্থ হয় এবং তার মধ্যে সংক্রামক কোনো লক্ষণ থাকে (যেমন কাশি, সর্দি), তাহলে অনুগ্রহ করে আপনার সন্তানকে স্কুলে না দিয়ে বাড়িতে রাখুন।

সূচী নির্ধারণ

অনুগ্রহ করে অ্যাপয়েন্টমেন্ট, ছুটি এবং নন-স্কুল দিনগুলোতে নন-স্কুল কার্যক্রম নির্ধারণের সকল চেষ্টা করুন।

যোগাযোগের তথ্য

অনুগ্রহ করে আমাদের স্কুলগুলোকে সঠিক ও আপডেটেড যোগাযোগের তথ্য প্রদান করুন যার মধ্যে থাকবে: ফোন নম্বর, ঠিকানা ও জরুরি যোগাযোগ

অনুপস্থিতি

আপনার সন্তানের অনুপস্থিতির প্রতিটি দিন সম্পর্কে স্কুলকে অবহিত করুন।

• **অনুপস্থিতির অব্যাহতি** = মেডিকেল পেশাদার, মানসিক স্বাস্থ্য পেশাদার অথবা আচরণগত স্বাস্থ্য পেশাদার কর্তৃক প্রদত্ত যাচাইকরণ নথিপত্র।
দীর্ঘস্থায়ী অনুপস্থিতির ক্ষেত্রে প্রযোজ্য নয়।

পূর্ব-ব্যবস্থা:

- 1-2 দিনের জন্য গেলে অবশ্যই 2-দিনের আগাম নোটিশ দিতে হবে।
- 3 বা তার বেশি দিনের জন্য গেলে অবশ্যই এক সপ্তাহের (5 স্কুল কর্মদিবস) নোটিশ দিতে হবে।
- **দীর্ঘস্থায়ী অনুপস্থিতির ক্ষেত্রে প্রযোজ্য নয় যদি না মেডিকেল পেশাদার, মানসিক স্বাস্থ্য পেশাদার অথবা আচরণগত স্বাস্থ্য পেশাদার কর্তৃক যাচাই করা না হয়।**

রিটেনশন ও দীর্ঘস্থায়ী অনুপস্থিতি

- শুধুমাত্র উপস্থিতিজনিত কারণে শিক্ষার্থীরা কোনো কোর্সে (হাই স্কুল) আটকাতে না বা অকৃতকার্য হবে না।
- **দীর্ঘস্থায়ী অনুপস্থিতি** = 10% বা এর বেশি স্কুল কর্মদিবসে অনুপস্থিত থাকা
- **দীর্ঘদিন ধরে স্কুলে অনুপস্থিত থাকা শিক্ষার্থীদের পিছিয়ে পড়া ও স্কুল থেকে বার পড়ার বাড়তি ঝুঁকি রয়েছে।**
- স্কুলের অধ্যক্ষরা রিটেনশন বা কোর্সে অকৃতকার্যতা সম্পর্কিত সিদ্ধান্ত নেওয়ার সময় দীর্ঘস্থায়ী অনুপস্থিতির বিষয়টি বিবেচনা করতে পারেন।

মেক-আপ কার্যক্রম

- অনুপস্থিতির পর স্কুলে ফেরার পর শিক্ষকদের কাছ থেকে মেকআপ কাজ চেয়ে নেওয়া **শিক্ষার্থীর দায়িত্ব**। আমাদের কনিষ্ঠ শিক্ষার্থীদের পক্ষে তাদের পরিবারগুলো এই কাজের জন্য অনুরোধ করতে পারেন।
- **শিক্ষার্থীদের ক্লাসে ফিরে আসার দুই** দিনের মধ্যে শিক্ষকদেরকে অবশ্যই শিক্ষার্থীদের মেক-আপের কাজ বা শিক্ষার্থীর বাদ পড়ে যাওয়া ধারণাগুলো প্রদান করতে হবে।
- কাজগুলো সম্পন্ন করার জন্য শিক্ষার্থীদের হাতে অনুপস্থিত দিনগুলোর সমান সংখ্যক দিন+আরো 1 দিন থাকবে।
 - যেমন: যদি কোনো শিক্ষার্থী 2 দিন অনুপস্থিত থাকে, তাহলে কাজগুলো সম্পন্ন করে শিক্ষকের কাছে ফেরত দেওয়ার জন্য তাদের হাতে 3 দিন সময় থাকবে।

কোভিড এক্সক্লুশন

- কোভিডের কারণে স্কুল থেকে বাদ পড়া শিক্ষার্থীদেরকে অস্থায়ী দূরবর্তী শিখন এবং শিক্ষকদের সাথে নিয়মিত যোগাযোগ করার সুযোগ দেওয়া হবে
- প্রতিটি স্কুল তাদের নিজস্ব পরিকল্পনা মাফিক দূরবর্তী শিখন পরিচালনা করবে যা তাদের স্কুল কমিউনিটির নির্দিষ্ট চাহিদাসমূহের সাথে সামঞ্জস্যপূর্ণ।
- **কোভিড এক্সক্লুশনের কারণে অনুপস্থিতিতে দীর্ঘস্থায়ী অনুপস্থিতি হিসেবে গণ্য করা হবে না।**

ইনফিনিট ক্যাম্পাস প্যারেন্ট পোর্টাল



কিভাবে আইসি প্যারেন্ট পোর্টাল ব্যবহার করবেন সে সম্পর্কিত পরামর্শের জন্য কিউআর কোডটি স্ক্যান করুন

- আইসি প্যারেন্ট পোর্টাল (IC Parent Portal) ব্যবহার করে শিক্ষার্থীদের উপস্থিতি ও অগ্রগতি পর্যবেক্ষণ করা পরিবারের প্রাপ্তবয়স্ক সদস্যদের দায়িত্ব।
- আইসি প্যারেন্ট পোর্টাল অ্যাক্সেস করতে কোনো সহযোগিতার প্রয়োজন হলে ইউজার নেম ও পাসওয়ার্ডের জন্য আপনার স্কুলের অফিসে কল করুন।
- অনুগ্রহ করে মনে রাখবেন, উপস্থিতিতে কোনো ভুল থাকলে স্কুলের শেষ কার্যদিবসের পরে তা পরিবর্তন করা যাবে না।

আমরা চাই আপনার সন্তান সফল হোক!
আপনার অংশীদারিত্বের জন্য ধন্যবাদ।